উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর

জুলাই/২০২৪ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ দিদারুল পাশা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ | : ৩০/০৭/২০২৪ খ্রি: |
| সময় | : দুপুর ১২.০০ ঘটিকা। |
| উপস্থিতি/ অনুপস্থিত | : পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, ০১। সরকারী নির্দেশনা মোতাবেক প্রাকির্তিক দুর্যোগ মোকাবেলা করার জন্য হাসপাতাল এবং ইউনিয়ন ভিত্তিক মেডিকেল টিম প্রস্তুত রহিয়াছে ০২। বর্তমানে সারাদেশে রাছেল ভাইপার এর উপদ্রব্য বেড়ে যাওয়ায় জনগনের মাঝে আতঙ্ক বিরাজ করছে, এর পরিপ্রেক্ষিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,মেলান্দহ,জামালপুরে এন্টি ভেনাম সিরাম ইনজেকশন ১০টি ভ্যায়াল মুজদ রহিয়াছে এবং ইতিমধ্যে আরো চাহিদা প্রেরন করা হয়েছে।<br>০২। বেসরকারী হাসপাতাল,ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের লাইসেন্স প্রদান ও নবায়ন না হয়ে থাকলে, সেই সব বেসরকারী হাসপাতাল,ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার ও ব্লাড ব্যাংক, মোবইল কোর্ট এর মাধ্যমে প্রতিষ্ঠান সিলগালা করে বন্ধ করার নির্দেশ রয়েছে। এই ব্যাপারে উপজেলা প্রশাসন এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সহযোগিতা কামনা করছি ০৩। কোভিড-১৯ টিকাদান কার্যক্রমঃ- ১০০% সফল হয়েছে। সম্প্রতি কোভিড-১৯ সংক্রমন বৃদ্ধি পাওয়ায় ১ম সারির স্বাস্থ্য কর্মীদের নিরাপত্তার স্বার্থে কোভিড-১৯ বুষ্টার ডোজ(১ম-৪র্থ এবং ৫ম) টিকা প্রদান করা হচ্ছে। কোভিড-১৯ ভ্যাকসিন প্রাপ্তি স্বাপেক্ষে ১৮ বছর এবং তদূর্ধ বয়সী সকল নাগরিককে বুষ্টার ডোজ প্রদান করা হইবে ০৪। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ১৩/০৬/২০২৩ খ্রিঃ তারিখ থেকে মাননীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের নির্দশানা মোতাবেক বৈকালিক স্বাস্থ্য সেবা শুরু হয়েছে এবং চলমান রহিয়াছে।<br>০৫। ডেঙ্গু ঃ- (ক) অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু পরীক্ষা চলমান রহিয়াছে।<br>(খ) ডেঙ্গু ওয়ার্ড চালূ রহিয়াছে।<br>(গ) ১২/০৭/২০২৩ খ্রিঃ তারিখ হতে ১৯/১২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২১৭ জনকে ডেঙ্গু পরিক্ষা করা হয় এবং পজিটিভ হয় ১৩১ জন। ইহাদের মধ্যে ৩১ জন ডেঙ্গু রোগী ভর্তি হন এবং সুস্থ হয়ে হাসপাতাল ত্যাগ করেন, বাকীরা বহিঃ বিভাগে চিকিৎসা নেন ০৬। অত্র উপজেলায় এইচইডির মাধ্যমে ০৬ (ছয়) টি কমিউনিটি ক্লিনিক পুর্ন নির্মানধীন রহিয়াছে, যাহার মধ্যে ০৫ টি কমিউনিটি ক্লিনিক (১) বুরুঙ্গা কমিউনিটি ক্লিনিক (২) আমবাড়ীয়া কমিউনিটি ক্লিনিক (৩) আগপয়লা কমিউনিটি ক্লিনিক (৪) বাগবাড়ী কমিউনিটি ক্লিনিক (৫) সাধুপুর কান্দারপাড়া কমিউনিটি ক্লিনিকহস্তান্তর করা হয়েছে এবং বাকী ০১টি (৬) পচা বহলা কমিউনিটি ক্লিনিক এখনও সম্পন্ন হয়নি।<br>০৭। চরবানিপাকুরিয়া ইউনিয়নের মহিরাকুল উপস্বাস্থ্য কেন্দ্রের ভিতরে বিভিন্ন প্রকার ফসল মাড়ানো,শুকানো হয় এবং গরু,ছাগল, ভেড়া ছেড়ে দেওয়া হয়, যাহা উপস্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য সেবা এবং পরিবেশ নষ্ট হচ্ছে। এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করছি ০৮। গাইনি,অর্থোপেডিক, সার্জারী, শিশু,কার্ডিওলজী,এ্যানেস্থেসলোজিস্ট এবং ইএনটি কনসালটেন্ট গন নিয়মিত রোগী দেখার পাশাপাশি অপারেশন করছে।<br>০৯। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের বর্হিঃ বিভাগ/অন্তঃ বিভাগ/প্রসূতি সেবা/মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম ও সিসি সহ সকল কার্যক্রম যথা নিয়মে চলমান রহিয়াছে<br>১০। হাসপাতালের ভিতরে দালাল চক্রের উপদ্রব বেড়ে গেছে এতে হাসপাতালে আগত রোগীরা হয়রানিসহ স্বাভাবিক স্বাস্থ্য সেবা বাধাগস্ত হচ্ছে এবং হাসপাতালের স্বাভাবিক পরিবেশ নষ্ট হচ্ছে। এ ব্যাপারে উপজেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর বিশেষ সহযোগিতা চাচ্ছি। | আলোচনান্তে, হাসপাতালের ভিতর দালার চক্রের দমন এবং রোগীদের সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় অনুপস্তিত থাকায় তার বিভাগীয় আলোচনা করা হলো না। | | |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ১। ২০২৪-২৫ পারিবারিক পুষ্টি বাগানের ৫০ জন কৃষকের মাঝে প্রদর্শনী বাস্তবায়ন ২। সার ও বালাই নাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাই নাশক দোকান পরিদর্শন ৩। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে ৪। চলমান তাপদাহের কারনে সম্ভাব্য ক্ষতি থেকে উত্তোরনের উপায় হিসেবে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের করনীয় সিদ্ধান্ত সমুহ কৃষকদের মাঝে পৌছাতে সকল উপসহকারী কৃষি অফিসারগণকে মাঠ পর্যায়ে সচেতনতা মূলক কৃষক সমাবেশ আয়োজনসহ সকল কৃষক গ্রুপে আলোচনা করতে ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জরুরী নির্দেশনা দেয়া হয়েছে। | মাঠ পর্যায়ে কৃষককে নিবিড় পরামর্শ দেওয়া অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় সভায় জানান যে, ৩১ জুলাই হতে ৫ আগস্ট পর্যন্ত মৎস্য সপ্তাহ চলমান রয়েছে। উক্ত মৎস্য সপ্তাহ যথাযথ ভাবে পালনের জন্য সকলের সহযোগীতা কামনা করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, জুলাই/২৪ খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৬৮০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৯০ টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২৪৭৯টি,হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২১৮৮২ টি, খামার পরিদর্শন ০৭ টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৮টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা ১৩৫ জন, টিকা বিক্রি বাবদ রাজস্ব আদায় হয়েছে ২০০০ টাকা এবং সিমেন সরবরাহ করে রাজস্ব আদায় হয়েছে ৫১০০০ টাকা। চলমান বন্যা পরিস্থিতিতে প্রাণিসম্পদের ঝুঁকি মোকাবেলায় ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রাম এবং উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলের সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের প্রকল্প হতে নির্বাচিত সুফলভোগীদের মাঝে ইউনিয়ন পর্যায়ে হাঁস-মুরগীর ঘর বিতরণ করা হয়েছে। প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের নিকট পৌছিয়ে দেয়ার জন্য মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রামসহ ইউনিয়ন পর্যায়ে গঠিত পিজি খামারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে । | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থ বছরে টিআর, কাবিখা কাবিটা কর্মসূচির আওতায় এখনও বরাদ্দ পাওয়া যায়নি। ২০টি বীর নিবাস এর কাজ গত অর্থ বছরে শুরু হয়ে এখনও কাজ চলমান আছে। জমি সংক্রান্ত জটিলতার জন্য ২০টি বীর নিবাসের মধ্যে ৩টি বীর নিবাস এর কাজ এখনও শুরু করা সম্ভব হয়নি। এছাড়া ০৬টি ব্রীজের কার্যাদেশ দেওয়া হয়েছে। বন্যার আগে ১টি ব্রীজের কাজ শুরু হয়েছে এবং কাজ চলমান আছে। বাকী ৫টি ব্রীজের কাজ বন্যার পানি নেমে যাওয়ার পর শুরু করা সম্ভব হবে। | চলমান কাজগুলো শেষ করা এবং জমি সংক্রান্ত জটিলাতা নিরসনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় , উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তিসহ মোট ৩৪,২৩২ জন উপকারভোগীর এপ্রিল-২০২৩ খ্রি. থেকে জুন-২০২৩ খ্রি. পর্যন্ত ০৩ মাসের ভাতার টাকা উপকারভোগীর নগদ হিসাবে যুক্ত হয়েছে। সমাজসেবা অধিদফতরের স্মারক নং ৪১.০১.০০০০.০১০.২০-৪৭৭ তারিখ: ০৪ জুলাই ২০২৪ খ্রি: মূলে মৃত উপকারভোগী সনাক্ত করণের নিমিত্ত লাইভ ভেরিফিকেশনের নির্দেশনা পাওয়া গেছে। সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় লাইভ ভেরিফিকেশনের কাজ শুরু হবে। প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ঘটিকা পর্যন্ত প্রতিবন্ধী জরিপ কাজ অনুষ্ঠিত হয়। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধ প্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার, কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকেপ্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত নির্ধারিত ফরমপূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদনপত্রটি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে। | চলমান কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৩৫ টি স প্রা বি পরিদর্শন ০২। সকল প্রধান শিক্ষকদের নিয়ে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয় ০৩। শিক্ষার্থী ভর্তি ও উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত মা সমাবেশ, হোমভিজিট করা হচ্ছে ০৪। স্লিপ ২য় কিস্তির বিল পরিশোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। | বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ১। ২০২৩-২৪ চক্রের ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) জুলাই/২০২৪ ইং মাসের বরাদ্দ না পাওয়ায় ১১টি ইউনিয়নের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা হয়নি। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের জুলাই/২০২৪ হতে কোন বরাদ্দ পাওয়া যায়নি বিধায় কার্যক্রম আপাততঃ বন্ধ আছে। | চলমান কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নাংলা ইউনিয়ন এর শাহিন বাজার যাওয়ার রাস্তায় অতি বৃষ্টিতে একটি ব্রীজ এর গোড়ার মাটি ধসে রাস্তার সাথে ব্রীজ এর সংযোগ বিচ্ছিন্ন হয় পড়ায় পথচারীদের চলাচল ব্যাহত হচ্ছে। পথচারীদের চলাচলের সাময়িক অসুবিধা দূর করার জন্য ধসে যাওয়ার স্থানে জরুরী ভিত্তিতে একটি কাঠের সাঁকো তৈরি করা প্রয়োজন। | আলোচনান্তে, উপজেলা উন্নয়ন তহবিল হতে ১২০,০০০/- এর মধ্যে সীমাবদ্ধ রেখে বিধি মোতাবেক কাঠের সাকো তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০ বাড়ির জন্য ১টি করে মোট ৪৭টি সাবমার্সিবল পাম্প ও ওভারহেড ট্যাংক যুক্ত পানির উৎসের স্থাপনের কাজ চলমান। মানব সম্পদ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নতিকরন প্রকল্পের আওতায় ৩০-৪০ বাড়ির জন্য ১টি করে মোট ৩২ টি সাবমার্সিবল পাম্প ও ওভারহেড ট্যাংক যুক্ত পানির উৎসের স্থাপনের কাজ ও ১০০টি ওয়াশ বেসিন স্থাপনের কাজ চলমান আছে। মানব সম্পদ প্রকল্পের আওতায় ৬নং আদ্রা ইউনিয়নে ৩০০ পরিবারের জন্য পানি সরবরাহের লক্ষ্যে ১লক্ষ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ১টি ওভারহেড ট্যাংক ও পাইপলাইন স্থাপনের কাজ চলমান। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ বেসিন ও ৪০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মানের কাজ চলমান আছে। মানব সম্পদ প্রকল্পের আওতায় ১০নং ঝাউগড়া ইউনিয়নের ৪০০ পরিবারের জন্য পানি সরবরাহের লক্ষ্যে ১লক্ষ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ১টি ওভারহেড ট্যাংক ও পাইপলাইন স্থাপনের কাজ চলমান। মানব সম্পদ প্রকল্পের আওতায় হতদরিদ্রদের মাঝে বিনামূল্যে ১১টি ইউনিয়নে মোট ২৫০০টি টুইনপিট ল্যাট্রিন নির্মানের কাজ চলমান। ২০২৪-২৫ অর্থ বছরে সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০ বাড়ির জন্য ১টি করে মোট ৮১ টি সাবমার্সিবল পাম্প ও ওভারহেড ট্যাংক যুক্ত পানির উৎসের বরাদ্দ পাওয়া গেছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

চলমান পাতা-৩-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ১৮২ টি সমবায় সমিতি রয়েছে। ২০২২-২০২৪ সালের অডিট কার্য ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। এবং অত্র উপজেলায় ১৩ (তের)টি আশ্রয়ণ-০২ প্রকল্প সমবায় সমিতি লি: নিবন্ধন করা হয়েছে। সমবায় অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প, মেলান্দহ, জামালপুর এ ০১ নং দুরমুঠ ইউনিয়নের কলাবাধা গ্রাম ও ০৮ নং ফুলকোচা ইউনিয়নের ফুলকোচা গ্রাম নির্বাচন করে ০২ (দুই) টি সমিতি নিবন্ধন করত: ০২ (দুই)টি সমিতির মোট ৫০+৫০ = ১০০ জনকে দুইটি করে গরু ক্রয়ের জন্য ১,৬০,০০০/- টাকা করে মোট ১,৬০,০০,০০০ টাকা প্রদান করা হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, বিভিন্ন ইউনিয়নের রাস্তায় বন বিভাগ কর্তৃক লাগানো গাছ এর মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গাছগুলো কাটা প্রয়োজন এছাড়া উপজেলা কমপ্লেক্স এর ভিতর আমাদের চরা উৎপাদন করার জন্য জায়গা প্রয়োজন। | বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। এইচ.এস.সি/আলিম/ এইচ.এস.সি (বি.এম) /সমমান পরীক্ষা ২০২৪ পরীক্ষাগুলো সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে ০২। বিদ্যালয়/ মাদ্রাসা পর্যায়ে সকল শিক্ষকদের জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ অনলাইন প্রশিক্ষণ চলমান রয়েছে ০৩। পুষ্টি বিষয়ক কার্যক্রম চলমান রয়েছে ০৪। দাপ্তরিক ও অন্যান্য কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় আলোচনা করা হলো না। | | |
| ১৯ | ইউজিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ২০ | বিবিধ | ১. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও বাস ভবন রং করণ বাবদ উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ক) নং অনুচ্ছেদ মোতাবেক ১০০,০০০/- এবং উপজেলা পরিষদের আসবাবপত্র সংগ্রহ ব্যয় বাবদ ৩(ছ) নং অনুচ্ছেদ অনুযায়ী ১৫০০০/- ও প্রকাশনা ব্যয় বাবদ ৩(ব) নং মোতাবেক ১৫০০০/- টাকা ব্যয় করা প্রয়োজন।<br>২. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স জামে মসজিদের খতিব, ইমাম ও মুয়াজ্জিনদের দীর্ঘ সাত মাসের বেতন বকেয়া আছে। উপজেলার বিভিন্ন দপ্তর হতে মাসিক চাঁদা বাবদ যে পরিমান চাঁদা আদায় হয় উক্ত চাঁদা দ্বারা তাঁদের বেতন পরিশোধ করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের চাঁদার পরিমান বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যেতে পারে। | ১. বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. আলোচনান্তে প্রত্যেক দপ্তরের নবম গ্রেড ভুক্ত কর্মকর্তা মাসিক চাঁদা - ২০০/- টাকা, ১০ম গ্রেড ভুক্ত কর্মকর্তা ১৫০/- টাকা, ৩য় শ্রেণির কর্মচারীগণ ১০০/- টাকা, ৪র্থ কর্মচারীগণ ৫০/- টাকা হারে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার<br><br>২. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ দিদারুল পাশা )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
E-mail:uzchairmanmelandah@gmail.com

স্মারক নং :উপকা.মেলা.২০২৪. ১৭

তারিখ : ৩০.০৭.২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব মির্জা আজম এমপি, ১৪০ জামালপুর-৩, ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৬। ........................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৭। অফিস কপি।

৩০/০৭/২৪

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

## ~~জুন~~ জুলাই/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ দিদারুল পাশা, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭১১-৬৩৬৮৮৫ uzchairmanmelandah@gmail.com | |
| ২. | শফিক জাহেদী রবিন মেয়র মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ৩. | মেয়র হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | | |
| ৪. | মোঃ ইব্রাহিম খলিলুল্লাহ ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | 01711 241399 | |
| ৫. | জোনাকি ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | 01762356095 | |
| ৬. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | 01724-105975 | |
| ৭. | মোঃ আঃ ছালাম চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | 01715340425 | |
| ৮. | মোহাম্মদ আলী জিন্নাহ চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৯. | আলহাজ্ব কিশমত পাশা চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | 01712125156 | |
| ১০. | মোঃ শফিউল আলম চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | 01719-815496 | |
| ১১. | মোঃ রফিকুল ইসলাম চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | 01320391020 | |
| ১২. | মোঃ শাহাদৎ হোসেন চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | 01715995985 | |
| ১৩. | মোঃ মামুনুর রশিদ চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | 01716287050 | |
| ১৪. | মোঃ সাইদুল ইসলাম লিটু চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01711548178 | |
| ১৫. | মোছাঃ আঞ্জুমনোয়ারা হেনা চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | ০১৭২০৯০৮৬৯০ | |
| ১৬. | এস.এম সায়েদুর রহমান চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | | |

জুলাই
জুন/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর, উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | পক্ষে: 01723903798<br>sanifmc-166@gmail.com | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | | |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | ০১৭১৮-৭৫১৮-৩৩ | |
| ০৫ | মো: মাহমুদুর রহমান<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | | |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | ০১৭৩৩-২৫৩৫৩৯<br>ulomelandahjamalpur@gmail.com | |
| ০৭ | মো: আ: রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | pio.razzaque@yahoo.com<br>01721330075 | |
| ০৮ | মো: আরিফুর রহমান<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01679540108<br>usso.melandah@gmail.com | |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01712 293 228<br>ueo melandah@gmail.com | |
| ১০ | জান্নাতুন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১৭১৫৭০১৯৪৪. uwao. Melanda | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977<br>melandahdyd@gmail.com | |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01721704152<br>ue.melendah@gov.bd. | |
| ১৩ | মো: জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01818-822698 | |
| ১৪ | মো: হাবিবুলাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01710857139<br>uco.melandah@gmail.com | |
| ১৫ | শবনম মুস্তারী<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01917-872355<br>smustary01@gmail.com | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | 01828-104926 | RSeraj. |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | পক্ষে মো: মিজানুর রহমান<br>০১৬১২৮৫০৩২৭৮ | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435<br>raihan.ugdp@gmail.com | |

উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.৯৮ তারিখ ঃ ২৫.০৭.২০২৪

নোটিশ

আগামী ৩০.০৭.২০২৪ তারিখ, রোজ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ দিদারুল পাশা, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ৩০.০৭.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৯.০৭.২৪ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৫/০৭/২৪
(এস.এম. আলমগীর)
পরিচিতি নং- ২০৬৮০
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

.....................................................
....................................... সম্মানীত সদস্য
উপজেলা পরিষদ মাসিক সভা, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.৯৮ তারিখঃ ২৫.০৭.২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব মির্জা আজম এমপি- ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ মাসিক সভা, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব মোঃ দিদারুল পাশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

২৫/০৭/২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।